মণিরামপুর উপজেলা পরিষদ "-মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি''-এর মার্চ-২০২২ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মণিরামপুর, যশোর।

সভার স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, মণিরামপুর, যশোর।

সভার তারিখঃ ২১/০৩/২০২২ খ্রিঃ, সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ

**উপজেলা পরিষদ "-মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি''ঃ**

| | |
|---|---|
| ১) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মণিরামপুর, যশোর। | সভাপতি |
| ২) চেয়ারম্যান, ১১ নং চালুয়াহাটি ইউ,পি, মণিরামপুর,যশোর। | সদস্য |
| ৩) চেয়ারম্যান, ১৪ নং দূর্বাডাঙ্গা ইউ,পি, মণিরামপুর,যশোর। | সদস্য |
| ৪) চেয়ারম্যান, ০১ নং রোহিতা ইউ,পি, মণিরামপুর,যশোর। | সদস্য |
| ৫) চেয়ারম্যান, ০৫ নং হরিদাসকাটি ইউ,পি, মণিরামপুর,যশোর। | সদস্য |
| ৬) জনাব রওশনারা খাতুন, স্বামী- এম,এ, রশিদ, গ্রাম- শ্যামকূড়, মণিরামপুর,যশোর। | সদস্য |
| ৭) উপজেলা প্রাণিসম্পদ অফিসার, মণিরামপুর,যশোর। | সদস্য |
| ৮) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মণিরামপুর,যশোর। | সদস্য সচিব |

আলোচ্য বিষয়ঃ

১। বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় মৎস্য ও প্রাণিসম্পদ খাতে প্রকল্প গ্রহন বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
২। নিয়মিত কার্যক্রম সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত
৩। বিবিধ।

আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় মণিরামপুর উপজেলা পরিষদ "-মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি'' এর সদস্য সচিব সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, মণিরামপুর,যশোর গত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় মৎস্য ও প্রাণিসম্পদ খাতে প্রকল্প গ্রহন বিষয়ক আলোচনার শুরুতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জনাব ডাঃ পার্থ প্রতিম রায় বলেন, নিম্নলিখিত বিষয়ে প্রণিসম্পদ খাতে প্রকল্প প্রস্তাব গ্রহন করা যেতে পারে-

ক) গাভী পালনকারী মহিলা ও দরিদ্র খামারীদের ' আধুনিক পদ্ধতিতে সুষম খাদ্য ও স্বাস্থ্য ব্যবস্থপনায় গাভী পালন" শিরোনামে প্রশিক্ষণ প্রদান-০৫ ব্যাচ (প্রতি ব্যাচে ৩০ জন)
খ) নিরাপদ দুগ্ধ উৎপাদনে গাভী লালন পালন খামারীদের মাঝে ঘাস চাষের উপকরণ বিতরণ
গ) গবাদি প্রাণীর টীকাদান ক্যাম্পেইন- ৫০ টি (প্রতিটি ক্যাম্পেইন এ ২৫০ টি গবাদি প্রাণী)
ঘ) মহিলা ও দরিদ্র খামারীদের মাঝে ছাগল বিতরণ

নিয়মিত কার্যক্রম সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে তিনি জানান যে, দপ্তরের অন্যান্য সেবামূলক কার্যক্রম চলমান রয়েছে। এনএটিপি-২ ও এলডিডিপি প্রকল্পের কাজ চলমান রয়েছে।

বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় মৎস্য ও প্রাণিসম্পদ খাতে প্রকল্প গ্রহন বিষয়ক আলোচনায় অংশ নিয়ে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার জনাব রিপন কুমার ঘোষ বলেন, নিম্নলিখিত বিষয়ে মৎস্য খাতে প্রকল্প প্রস্তাব গ্রহন করা যেতে পারে-
ক) অনলাইন/গ্রোথ সেন্টারের মাধ্যমে মাছ বিক্রয়
খ) দরিদ্র মৎস্যচাষীদের মাঝে মাছের পোনা ও উপকরণ বিতরণ
গ) বিভিন্ন বাওড় ও প্রাকৃতিক জলাশয়ে মৎস্য অভয়াশ্রম স্থাপন
ঘ) প্রদর্শনী স্থাপন
ঙ) দেশীয় প্রজাতির মাছ চাষের প্রশিক্ষণ প্রদান
চ) উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণ
ছ) ঝাঁপা বাওড়ে জীববৈবচিত্র সংরক্ষণে বিলবোর্ড ও সাইনবোর্ড স্থাপন
জ) মাছ বাজারে খুচরা মাছ বিক্রেতাদের মাঝে মাছ বিক্রয়ের ট্রে ও ডিজিটাল স্কেল বিতরণ
ঝ) ফরমালিনমুক্ত মাছ বাজার সৃজন
ঞ) মৎস্য বিষয়ক আইনের প্রচারের জন্য দৃশ্যমান স্থানে ৪ টি ১০ বর্গমিটার আকারে বিলবোর্ড স্থাপন

নিয়মিত কার্যক্রম সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে তিনি জানান যে, দপ্তরের অন্যান্য সেবামূলক কার্যক্রম চলমান রয়েছে। এনএটিপি-২ প্রকল্পের কাজ চলমান রয়েছে।

বিবিধ: মৎস্য ও প্রাণিসম্পদ খাতকে শক্তিশালী ও জনগনের দোর গোড়ায় পৌঁছে দিতে প্রকল্প বাস্তবায়ন জরুরী উল্লেখ করে সভাপতি মহোদয় উল্লিখিত বিষয়ে দ্রুত প্রস্তাব দেওয়ার জন্য কর্মকর্তাগণকে অনুরোধ করেন। তিনি উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়ন বিষয়ে জানতে চাইলে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বলেন- উপজেলা মৎস্য দপ্তরের এ বিষয়ে "ভিডিও কনফারেন্সের মাধ্যমে জরুরী মৎস্য পরামর্শ সেবা" বিষয়ে একটি প্রকল্প ইতোমধ্যেই গ্রহন করা হয়েছে। উপজেলা পরিষদের এ বিষয়ে কিছু সহযোগীতা প্রয়োজন। এ বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণা করা যেতে পারে- এ জন্য মাইকিং, লিফলেট, পোস্টার এর ব্যবস্থা করা প্রয়োজন। উপজেলা পরিষদের পুকুরে নিয়মিত মাছের খাবার প্রদান করা যেতে পারে।

বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।
সিদ্ধান্তসমূহ:

| ক্র. নং | সংশ্লিষ্ট দপ্তর | বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় প্রাণিসম্পদ খাতে প্রকল্প গ্রহন বিষয়ক | সংশ্লিষ্ট বিষয়ে দ্রুত প্রস্তাব প্রেরণ করা যেতে পারে এবং তা উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করা হোক। | উপজেলা পরিষদ, মণিরামপুর, যশোর |
| ২ | উপজেলা মৎস্য দপ্তর | বার্ষিক উন্নয়ন তহবিলের আওতায় মৎস্য খাতে প্রকল্প গ্রহন বিষয়ক | সংশ্লিষ্ট বিষয়ে দ্রুত প্রস্তাব প্রেরণ করা যেতে পারে এবং তা উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করা হোক। | উপজেলা পরিষদ, মণিরামপুর, যশোর |
| ৩ | | উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়ন বিষয়ক | মাইকিং, লিফলেট, পোস্টার এর ব্যবস্থা করা যেতে পারে | উপজেলা পরিষদ, মণিরামপুর, যশোর |

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

21/03/22

(কাজী মোছাঃ জলি আক্তার)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, মণিরামপুর,যশোর
ও
সভাপতি
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
মণিরামপুর,যশোর

স্মারক নং- ৩৩.০২.৪১৬১.৫০১.৩৪.০০৪.১৮.১০৭ তারিখ: ২১/০৩/২০২২ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলোঃ
০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মণিরামপুর,যশোর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, মণিরামপুর,যশোর।
০৩। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মণিরামপুর,যশোর।
০৪। উপজেলা ........................................অফিসার, মণিরামপুর,যশোর।
০৫। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন পরিষদ, মণিরামপুর,যশোর।

21/03/22

( রিপন কুমার ঘোষ)
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
মণিরামপুর,যশোর
ও
সদস্য সচিব
উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি
মণিরামপুর,যশোর